| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

| For Examiner's Use |
|---|
| |

General Certificate of Secondary Education
June 2008

# BENGALI
## Listening Test
## Higher Tier

3636/LH

**H**

Friday 23 May 2008 1.30 pm to 2.15 pm approximately (including reading time)

**You will need no other materials.**

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

**Instructions**
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Before the tape is started, you will be allowed five minutes during which you may read through the questions. You may make notes in this time.
- **Do not open this booklet until you are told to do so.**

This is what you should do for each item.
- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Answers written in margins or on blank pages will not be marked.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test.**
- The test starts now.

**Information**
- The maximum mark for this paper is 40.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2/3 | | 6/7 | |
| 4/5 | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

J U N 0 8 3 6 3 6 L H 0 1

Areas outside the box will not be scanned for marking

# ক বিভাগ

## প্রশ্ন ও উত্তর বাংলায়

**বাংলাদেশের গ্রাম**

তুমি রেডিও শুনছো।

১ গ্রামে থাকার কি কি সুবিধা এবং অসুবিধা আছে? নিচের ছকে দুটি সুবিধা এবং দুটি অসুবিধার কথা লেখো।

| সুবিধা | অসুবিধা |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |

*(4 marks)*

**নিরাপত্তা**

তুমি ঢাকা বিমানবন্দরে এই ঘোষণাটা শুনছো।

২. ঘোষণা অনুযায়ী সিকিউরিটি চেকের সময় তুমি হ্যান্ডব্যাগে কী কী নিতে পারবে না আর সিকিউরিটি চেকের সময় তোমাকে কী কী খুলতে হবে? নিচের ছকে ঠিক অক্ষর লেখো।

| | |
|---|---|
| **বেল্ট** | **(ক)** |
| **জুতা** | **(খ)** |
| **জল** | **(গ)** |
| **ওষুধ** | **(ঘ)** |
| **টুপি** | **(ঙ)** |
| **ধারালো জিনিস** | **(চ)** |

| খুলতে হবে | নিতে পারবে না |
|---|---|
| ক – উদাহরণ | |
| | |
| | |

*(2 marks)*

*(2 marks)*

Areas outside the box will not be scanned for marking

**মানুষের অবস্থা**

তুমি রেডিও শুনছো।

৩. কী অবস্থায় শতকরা কতজন মানুষ আছে? সংখ্যার পাশে ঠিক অক্ষর লেখো।

| | |
|---|---|
| ভালো খাবার জল নেই। | ক |
| বিদ্যুৎ নেই। | খ |
| লিখতে পড়তে পারে না। | গ |

| | |
|---|---|
| ৪০% | |
| ২০% | |
| ৭০% | |

*(1 mark)*

*(1 mark)*

*(1 mark)*

**কাজী নজরুল ইসলাম**

একটা চিঠি

৪. কাজী নজরুল ইসলাম কে?

..........................................................................................................

*(1 mark)*

৫. তিনি কবিতা ছাড়া আর কী লিখেছিলেন?

..........................................................................................................

*(1 mark)*

৬. কোথায় গেলে তুমি তাঁর কবর দেখতে পাবে?

..........................................................................................................

*(1 mark)*

14

**Turn over ▸**

Areas outside the box will not be scanned for marking

**মজার কথা**

তুমি রেডিও শুনছো।

৭. ফরহাদ কেন মনে করছে যে, সে শাস্তি পাবে?

.......................................................................................................................................

*(1 mark)*

**বিপদ্‌জনক খেলা**

তুমি রেডিও শুনছো।

৮. বিজ্ঞাপন অনুযায়ী হ্যাণ্ড গ্লাইডিং শিখলে তুমি কী করতে পারবে?

.......................................................................................................................................

*(1 mark)*

তুমি রেডিও শুনছো।

৯. শাহরুখ খানের চুল সম্বন্ধে বেলাল কী বলছে?

.......................................................................................................................................

*(1 mark)*

**আর্জেন্টিনা**


তুমি রেডিও শুনছো।

১০. এভা পেরন গরিবদের জন্যে কি সুযোগ করে দিয়েছিলেন? দুটি বাক্সে ঠিক অক্ষর লেখো।


ক




খ



গ



ঘ



ঙ



☐

☐

*(2 marks)*

Areas outside the box will not be scanned for marking

তুমি রেডিও শুনছো।

১১. মোরেনো গ্লেসিয়ার আর্জেন্টিনার ঠিক কোন জায়গায়?

..........................................................................................................................................

*(1 mark)*

১২. গ্লেসিয়ার কি?

..........................................................................................................................................

*(1 mark)*

১৩. গ্লেসিয়ার কিভাবে তৈরি হয়?

..........................................................................................................................................

*(1 mark)*

১৪. লেকের জলে কোনো মাছ নেই কেন?

..........................................................................................................................................

*(1 mark)*

১৫. গ্লোবাল ওয়ার্মিংয়ের ফলে কি ঘটছে?

..........................................................................................................................................

*(1 mark)*

**তুমি রেডিও শুনছো।**

১৬. মিসবার মন খারাপ হয়েছিলো কেন?

..........................................................................................................................................

*(1 mark)*

11

Areas outside the box will not be scanned for marking

**ওয়ার্ল্ড কাপ ফুটবল**

তুমি রেডিও শুনছো।

১৭. ইটালি প্রথম গোল দেওয়ার পর দর্শকদের অবস্থা কি রকম হয়েছিলো?

........................................................................................................................................

*(1 mark)*

১৮. জিনাডিন জিডানের মনোভাব / আচরণ সম্বন্ধে তোমার কি মত?

........................................................................................................................................

*(1 mark)*

১৯. জিনাডিন কী করতে পারলেন না?

........................................................................................................................................

*(1 mark)*

**ক্রিসমাসের খেলনা**

তোমার মামী কথা বলছেন।

২০. টেডি বেয়ারটা কি রকম ছিলো? দুটি বিষয় লেখো।

........................................................................................................................................

........................................................................................................................................

*(2 marks)*

**শিক্ষা**

তোমার টিচার ভূগোল শেখাচ্ছেন।

২১. টিচারের কথা অনুযায়ী ইংল্যান্ডের গরম কাল সম্বন্ধে দুটি বিষয় লেখো।

........................................................................................................................................

........................................................................................................................................

*(2 marks)*

Areas outside the box will not be scanned for marking

## SECTION B

Questions and answers in **English**.

You are at a Bengali friend's house in Manchester. Your friend's grandmother is telling you about herself.

**22** When did she come to Manchester?

.......................................................................................................................................

*(1 mark)*

**23** How did her father earn his living in Manchester?

.......................................................................................................................................

*(1 mark)*

**24** Why does she think her father was successful? Give **two** reasons.

1 .....................................................................................................................................

2 .....................................................................................................................................

*(2 marks)*

**25** (i) What comment does she make about education in the 1950s?

.......................................................................................................................................

*(1 mark)*

**25** (ii) How did this affect her as a child?

.......................................................................................................................................

*(1 mark)*

**26** (i) What does she think about living in Manchester?

.......................................................................................................................................

*(1 mark)*

**26** (ii) What does she feel about England?

.......................................................................................................................................

*(1 mark)*

**END OF QUESTIONS**

15

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Copyright © 2008 AQA and its licensors. All rights reserved.

General Certificate of Secondary Education
June 2008

**BENGALI** **3636/LH/T**
**Listening Test Transcript**
**Higher Tier**

Friday 23 May 2008 1.30 pm to 2.15 pm approximately
(including reading time)

Time allowed: 40 minutes approximately
+ 5 minutes reading time before the test

This is what you should do for each item.

- Read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- Your teacher will pause the tape when you hear the tone, after the second hearing of each item, to give you time to write. You may write at any time during the test.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Answers written in margins or on blank pages will not be marked.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test.**
- **The test starts now.**

## ক বিভাগ

**প্রশ্ন ও উত্তর বাংলায়**

**প্রশ্ন ১**

বাংলাদেশের বেশির ভাগ মানুষ গ্রামে থাকে। গ্রামে থাকার অনেক সুবিধা আছে। আবার অনেক অসুবিধাও আছে। সব সময়ে ভালো টাটকা খাবার পাওয়া যায় – মাছ, তরি-তরকারি, আরও কতো কি! গ্রামের কোনো পরিবেশ-দূষণ, ইংরেজিতে যাকে বলে pollution, নেই বললেই চলে। এর কারণ হলো যে, সেখানে কোনো বড়ো কল-কারখানা নেই আর মোটরগাড়ি প্রায় দেখাই যায় না।

গ্রামে থাকার অনেক অসুবিধাও আছে। গ্রামে প্রায় সব রাস্তাই মাটির। বৃষ্টি হলে রাস্তা খারাপ হয়ে যায়। আর খুব বেশি বৃষ্টি হলে রাস্তা জলে ডুবে যায়। তখন নৌকায় এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে হয়।

**প্রশ্ন ২**

একটি নিরাপত্তামূলক জরুরী ঘোষণা। আপনি বিমানে কেবল মাত্র একটি হ্যান্ডব্যাগ নিতে পারবেন। আপনার হ্যান্ডব্যাগে জল এবং কোনো ধারালো জিনিস নিতে পারবেন না। তবে নিজের ব্যবহারের জন্যে ওষুধ নিতে পারবেন। সিকিউরিটি চোকের সময় আপনাকে জুতা, বেল্ট এবং টুপি খুলতে হবে। কোনো অসুবিধা হওয়ার জন্যে আমরা খুব দুঃখিত।

**প্রশ্ন ৩**

তুমি কি জানো যে, এই পৃথিবীতে শতকরা ২০ জন ভালো খাবার জল পায় না, শতকরা ৪০ জন বিদ্যুৎ ব্যবহার করতে পারে না আর শতকরা ৭০ যখন লিখতে-পড়তে পারে না?

**প্রশ্ন ৪**

– তোমার হাতে কার চিঠি?
– চিঠিটা বাংলাদেশ সমিতি থেকে এসেছে। ওরা কাজী নজরুল ইসলামের জন্মদিন পালন করছে।
– কী লিখেছে পড়ো, শুনি।
– পড়ছি। কাজী নজরুল ইসলাম হলেন বাংলাদেশের জাতীয় কবি।

**প্রশ্ন ৫**

– আমরা আগামী ২২শে মে তাঁর জন্মদিনের উৎসব পালন করবো।
– আর কী লিখেছে, পড়ো।
– কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালে ভারতে জন্মেছিলেন। জায়গাটার নাম হলো চুরুলিয়া, বর্ধমান জেলা।
– তিনি অনেক গান, কবিতা এবং নাটক লিখেছিলেন।

**প্রশ্ন ৬**

– ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে তাঁর কবর আছে।
– এই চিঠি থেকে অনেক কিছু জানলাম কাজী নজরুল সম্বন্ধে। আমি যাবো এই উৎসবে।

**প্রশ্ন ৭**

– মা, আমি যদি কিছু না করি, তা হলে কি তুমি আমাকে শাস্তি দেবে?

– ফরহাদ, তুমি কিছু না করলে তোমাকে শাস্তি দেবো কেন!

– মা, আমি আজ কোনো হোমওয়ার্ক করিনি।

**প্রশ্ন ৮**

আপনি কি পাখির মতো আকাশে উড়তে চান? তা হলে হ্যাঙ গ্লাইডং শিখুন! আমরা 'খেলা আর খেলা' পত্রিকার গ্রাহকদের জন্যে খুব কম খরচে হ্যাঙ গ্লাইডিং শেখার একটা তিন মাসের কোর্স খুলছি। বারোটা লেসনের জন্যে মাত্র ২০০ পাউন্ড দিতে হবে।

**প্রশ্ন ৯**

সবুজ – আপনার মাথার চুল কি শাহরুখ খানের চুলের মতো দেখতে?

বেলাল – না, আমার চুল লম্বা এবং কোঁকড়ানো। শাহরুখ খানের চুল ছোটো করে কাটা। এ রকম চুল শাহরুখ খান ছাড়া আর কাউকে মানাবে না।

**প্রশ্ন ১০**

মাসুম – জানো, বুয়েনস এরিস কোথায়? আর্জেন্টিনায়। ফুটবল খেলার দেশ। আর্জেন্টিনা! আর্জেন্টিনা! কিন্তু এই দেশটাকে সবাই জানে একজন বিখ্যাত মহিলার জন্যে। তাঁর নাম ছিলো 'এভা পেরন'। তিনি ছিলেন আর্জেন্টিনার প্রেসিডেন্টের স্ত্রী। আর্জেন্টিনার সকলে এখনো তাঁকে খুব ভালোবাসে, কারণ তিনি দেশের গরিবদের জন্যে শিক্ষা, কাজ এবং বিনা খরচে চিকিৎসার সুযোগ করে দিয়েছিলেন।

**প্রশ্ন ১১**

সবুজ – মিসবা, তুমি কিছু বলবে না?

মিসবা – হ্যাঁ, বলবো। আমি মরেনো গ্লেসিয়ার সম্বন্ধে বলবো। আর্জেন্টিার দক্ষিণ সীমান্তে এল কালাফাতে বলে একটা জায়গা আছে। জায়গাটা খুব ঠাণ্ডা এবং ছোটো ছোটো অনেক পাহাড়ে ভরা। সেখানেই আছে 'মোরেনো গ্লেসিয়ার' – এক বরফের পাহাড়।

**প্রশ্ন ১২**

সবুজ – গ্লেসিয়ার কি একটু বুঝিয়ে বলো।

মিসবা – আমি আগেই বলেছি গ্লেসিয়ার হলো একটা বরফের পাহাড়।

**প্রশ্ন ১৩**

মিসবা – হাজার হাজার বছর ধরে বরফ জমে এই পাহাড় তৈরি হয়েছিলো।

**Turn over ▶**

**প্রশ্ন ১৪**

মিসবা – এই গ্লেসিয়ারকে ঘিরে আছে একটা বিরাট লেইক। গ্লেসিয়ারটা এ জলেই ভাসছে। জলের রঙ ঘন নীল, জলের ভিতরে কিছুই দেখতে পাওয়া যায় না, কোনো সূর্যের আলো যেতে পারে না। এই কারণে এই লেকের জলে কোনো জলজ প্রাণী, যেমন কোনো মাছ বাঁচতে পারে না। সূর্যের আলো এবং উত্তাপ না পেলে কোনো প্রাণী বাঁচতে পারে না।

**প্রশ্ন ১৫**

মাসুম – আমরা সবাই জানি যে পরিবেশ দূষণের (পলিউশন) জন্যে আবহাওয়া গরম হয়ে গ্লোবাল ওয়ার্মিং হচ্ছে। এর ফলে অনেক প্রাকৃতিক পরিবর্তন ঘটছে, যেমন গ্লেসিয়ার ভেঙে পড়ছে এবং তাড়াতাড়ি গলে যাচ্ছে।

**প্রশ্ন ১৬**

মিসবা – এ রকম ভাবে যদি গ্লেসিয়ারটা ভাঙতে থাকে তা হলে মোরেনো গ্লেসিয়ার একদিন আমাদের এই পৃথিবীতে থাকবে না! গলে বিরাট এক লেকে পরিণত হবে। আমার মনটা দুঃখে ভরে যায়। কারণ আমাদের বংশধররা প্রকৃতির এই আশ্চর্য জিনিস এবং সৌন্দর্য উপভোগ করতে পারবে না!

**প্রশ্ন ১৭**

– ওয়ার্ল্ড কাপ ফুটবলের ফাইনাল খেলার দিন। স্টেডিয়ামে লোকে লোকারণ্য। ইটালি আর ফ্রান্সের টিম খেলবে। ইটালি প্রথম গোল দেওয়ার পর যেন খেলোয়াড় ও দর্শকদের মধ্যে উত্তেজনা বাড়তে শুরু করলো।

**প্রশ্ন ১৮**

জিডান এক সময় একজন ইটালির খেলোয়াড়ের পাশ দিয়ে হেঁটে যাচ্ছিলো, কিন্তু হঠাৎ কি মনে করে সে ইটালির খেলোয়াড়টার কাছে এগিয়ে এলো এবং মাথা দিয়ে ইটালির খেলোয়াড়ের বুকে খুব জোরে মারলো। দেখা গেলো যে ইটালির খেলোয়াড়টা মাটিতে লুটিয়ে পড়লো। পরে জানা গেলো যে ইটালির খেলোয়াড়টা জিডানকে অসম্মানজনক কথা বলেছিলো।

**প্রশ্ন ১৯**

রেফারি জিডানকে রেড কার্ড দিয়ে মাঠ থেকে বের করে দিলো। অবশেষে ইটালি জিতলো ওয়ার্ল্ড কাপ ফুটবলের ফাইনাল খেলায়। ইটালি এবং ফ্রান্সের সব খেলোয়াড়রা পুরস্কার পেলো কিন্তু জিডান কিছু পেলো না। তাকে পুরস্কার সভায় আসতেই দেওয়া হলো না তার অস্বাভাবিক ব্যবহারের জন্যে।

**প্রশ্ন ২০**

– লন্ডন থেকে অকল্যান্ডে আসতে ২৪ ঘণ্টা লাগলো। এই নাও, লিসার জন্যে এই টেডি বেয়ারটা এনেছি। এটা খুব বড়ো ও মোটা বলে হাতে করে আনতে হয়েছে। স্যুটকেসে ভরতে পারিনি।

**প্রশ্ন ২১**

ইংল্যান্ড হলো শীতের দেশ, কারণ এখানে বছরের বেশির ভাগ সময় ঠাণ্ডা থাকে। তবে এখানে গরমের সময়ও আছে, আমরা বলি সামার টাইম। তখন প্রায় রাত দশটা পর্যন্ত সূর্যের আলো ও উত্তাপ থাকে। ২৫-৩০ ডিগ্রি সেন্টিগ্রেড হলেই আমরা মনে করি খুব বেশি গরম পড়েছে।

## SECTION B

**Questions and answers in English.**

Question 22

– আপনাকে আমি দাদিমা বলে ডাকবো। কিছু মনে করবেন না।
- ঠিক আছে, তুমি জাহুরের বন্ধু, আমি জাহুরের দাদিমা, তোমারও দাদিমা।
- দাদিমা, আপনি সারা জীবন ম্যানচেস্টারে আছেন! আপনি বাংলাদেশ থেকে ম্যানচেস্টারে কখন এসেছিলেন?
– ১৯৫৫ সালে, আজ থেকে ৫২ বছর আগে। তখন আমার বয়স ছিলো এগারো।

Question 23

- আপনি কি আপনার বাবামার সাথে ম্যানচেস্টারে এসেছিলেন?
- না, আমি মার সাথে এসেছিলাম। বাবা জাহাজে ইংল্যান্ডে এসেছিলেন ১৯৪৭ সালে। তিনি ম্যানচেস্টারে কাপড়ের ফ্যাক্টরিতে কাজ করতেন। খুব পরিশ্রম করতেন। যা রোজগার করতেন তার থেকে নিজের খরচ চালিয়েও অনেক টাকা জমাতে পারতেন। বাংলাদেশে আমাকে আর মাকে প্রতি মাসে টাকা পাঠাতেন।

Question 24

– আমি আর মা যখন ম্যানচেস্টারে এসেছিলাম তখন বাবা আমাদের গাড়ি করে একটা ভালো বাড়িতে নিয়ে এসেছিলেন। বাবা বাড়িটা নিজে কিনেছিলেন। গাড়িটাও ছিলো বাবার নিজের। আমার বাবা সংসারের সব খরচ চালাতেন নিজে টাকা রোজগার করে। আমার মা কখনো চাকরি করেননি। তিনি সব সময়ে বাড়িতে থাকতেন আর আমাকে আর বাবাকে যত্ন করতেন। এসব কথা ভাবলে মনে হয় আমার বাবা বিদেশে এসে সাফল্য লাভ করেছিলেন। লেখাপড়া না জানলেও তাঁকে কখনো অভাব সহ্য করতে হয়নি।

Question 25

– দাদিমা, আপনি নিশ্চয় অনেক লেখাপড়া করেছেন?
– না, খুব বেশি লেখাপড়া করতে পারিনি। আমি যখন ১৯৫৫ সাল ইংল্যান্ডে এসেছিলাম, তখন এগারো বছর বয়সের ছেলেমেয়েরা একটা পরীক্ষা দিয়ে দু রকম স্কুলে ভর্তি হতে পারতো – গ্রামার স্কুল এবং সেকেন্ডারি মডার্ন স্কুল। আমি ভালো ইংরেজি জানতাম না বলে পরীক্ষায় পাস করতে পারিনি। আমাকে সেকেন্ডারি মডার্ন স্কুলে ভর্তি হতে হয়েছিলো। এর ফলে আমি ঠিকমতো লেখাপড়া শিখে ইউনির্ভার্সিটিতে যেতে পারিনি।

Question 26

– দাদিমা, আপনি সারা জীবন ম্যানচেস্টারে কাটালেন, আপনার ইচ্ছা করে না অন্য কোনো জায়গায় গিয়ে থাকতে?
– না, আমি ছোটোবেলা থেকে ম্যানচেষ্টারে আছি, আমি এখানে বড়ো হয়েছি, প্রতিবেশীরা আমাকে ভালোবাসে! আমার বাকি জীবনটা এখানেই কাটিয়ে দেবো।
– দাদিমা, আপনার কি মনে হয় ইংল্যান্ড আপনার নিজের দেশ?
– আমি বাংলাদেশে জন্মেছিলাম, কিন্তু ইংল্যান্ডে বড়ো হয়েছি এবং শিক্ষা পেয়েছি। এ দুটি দেশই আমার নিজের দেশ। তুমি যেমন আমাকে দাদিমা বলে ডেকেছো। আমিও তেমন ইংল্যান্ডকে আমার নিজের দেশ বলবো।

**END OF TEST**

**Blank page**

**Blank page**

**Blank page**

Copyright © 2008 AQA and its licensors. All rights reserved.